# LGED
# Citizen Charter

[redacted] স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহকে কারিগরী সহায়তা প্রদান, পল্লী ও শহরাঞ্চলের অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণসহ ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের আর্থসামাজিক অবস্থার উন্নতি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। একটা সময় ছিল যখন বাংলাদেশ গ্রামীণ এলাকার যোগাযোগ অবকাঠামো ছিল অত্যন্ত নাজুক। আজ এলজিইডি'র মাধ্যমে ব্যাপক উন্নয়ন কর্মকান্ডের মাধ্যমে দেশের সর্বত্র গ্রামীণ যোগাযোগের ক্ষেত্রে এক বৈপ্লবিক পরিবর্তন এসেছে। আজ গ্রামের উৎপাদিত ফসল বাজারজাতকরণ ও পরিবহন সুবিধা বৃদ্ধি পেয়ে কৃষকদের উৎপাদিত পন্যের ন্যায্য মূল্যে প্রাপ্তি নিশ্চিত হচ্ছে। এছাড়াও পরিবেশের ভারসাম্য সংরক্ষণ ও দারিদ্র বিমোচনের লক্ষ্যে সরকারের জাতীয় কর্মসূচী বাস্তবায়নেও এলীজইডি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে ও উন্নয়নে সহযোগী সংস্থার সহায়তায় এলজিইডি বিভিন্ন প্রকল্প ও কর্মসূচী বাস্তবায়ন করছে। সিটিজেন চার্টার হল জনগনের সেবা পাওয়ার অধিকারের লিখিত সনদ। এর মাধ্যমে জনগনের আশা আকাংখার প্রতিফলন ঘটিয়ে বিদ্যমান সেবাসমূহের মান উন্নয়নের সুযোগ সৃষ্টি হয়। সিটিজেন চার্টারের মাধ্যমে সেবা গ্রহণকারীদের যথাসময়ে সেবা প্রদান নিশ্চিত করা হয়। সেবা প্রদানকারী কর্তৃপক্ষের কর্মকান্ডের স্বচ্ছতা জবাবদিহিতা ও প্রশাসনের গতিশীলতা বৃদ্ধি পায়। সিটিজেন চার্টারের মাধ্যমে সেবা গ্রহণকারী ও প্রদানকারীর মধ্যে পারস্পারিক আস্থা বৃদ্ধি পায়।

[redacted]

০১। পল্লী ও নগরে অঞ্চলে অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
০২। পল্লী অবকাঠামো রক্ষণাবেক্ষণ;
০৩। গ্রোথ সেন্টার/হাট বাজার উন্নয়নে পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
০৪। ইউনিয়ন, উপজেলা, জেলা পরিষদ ও পৌরসভাকে কারিগরী সহায়তা প্রদান;
০৫। ইউনিয়ন, উপজেলা ও পৌরসভা প্লানবুক, ম্যাপিং ও সড়ক এবং সামাজিক অবকাঠামোর ডাটাবেজ প্রস্তুতকরণ;
০৬। ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন পরিকল্পনা, বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
০৭। বিভিন্ন মন্ত্রণালয়ের অবকাঠামো উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
০৮। জনপ্রতিনীধি, উপকারভোগী, ঠিকাদার, চুক্তিবদ্ধ শ্রমিকদলসমূহের সংশ্লিষ্ট উন্নয়ন কর্মকান্ডে প্রশিক্ষণ;
০৯। ডিজাইন ও অন্যান্য কারিগরী মডেল, ম্যানুয়েল ও স্পেসিফিকেশন প্রণয়ন;
১০। এলজিইডি'র কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি;

[redacted]

| [redacted] | | |
|---|---|---|
| সড়ক নির্মাণ/পুনর্নির্মাণ/পুর্নবাসন | সড়ক ফুটপাত নির্মাণ/পুনর্নির্মাণ | বাঁধ নির্মাণ |
| ব্রীজ/কালভার্ট নির্মাণ/পুনর্নির্মাণ | নর্দমা নির্মাণ/পুনর্নির্মাণ | স্লুইচ গেট নির্মাণ |
| গ্রোথ সেন্টার/হাট বাজার উন্নয়ন | বাস/ট্রাক টার্মিনাল নির্মাণ | রাবার ড্যাম নির্মাণ |
| ঘাট/জেটি নির্মাণ | বাজার উন্নয়ন | খাল খনন ও পুন:খনন |
| ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণ | টাউন সেন্টার নির্মাণ | বন্যা নিয়ন্ত্রণ, বাঁধ নির্মাণ/পুন:নির্মাণ |
| উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ | স্যানিটারী ল্যাট্রিন নির্মাণ | স্থানীয় পানি ব্যবস্থাপনা |
| ঘূর্ণিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ/পুনর্নির্মাণ | টিউবওয়েল স্থাপন | সমবায় সমিতিকে (পাবসস) বিভিন্ন কারিগরী ও জীবিকা উন্নয়নে সহায়তা প্রদান |
| বৃক্ষরোপন কর্মসূচী | ক্ষুদ্র-ঋণ কর্মসূচী | |
| ক্ষুদ্র-ঋণ কর্মসূচী | বর্জ্য ব্যবস্থাপনা | |
| কৃষি, মৎস ও পশু সম্পদ উন্নয়ন | বস্তি উন্নয়ন কার্যক্রম | |
| | নগর পরিচালনা উন্নতিকরণ | |
| | দারিদ্র বিমোচন | |
| | নগর প্রশাসনের সক্ষমতা বৃদ্ধি | |

[redacted]

সিটিজেন চার্টারের বর্ণিত সেবা নির্ধারিত সময়সীমার মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত ব্যর্থ হলে সংশ্লিষ্ট ভূক্তভোগী লিখিতভাবে সেবা প্রদান কর্তৃপক্ষের নিবট অভিযোগ করতে পারবেন। সেবা প্রদান কর্তৃপক্ষ অভিযোগ পাওয়ার ১৫(পনের) দিনের মধ্যে অভিযোগ কারীর অভিযোগ আমলে নিয়ে বিষয়টি নিস্পত্তি করবেন। অভিযোগকারী সেবা প্রদানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে সেবা সেবা প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রণকারী পরবর্তী উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট আপীল আবেদন করতে পারবেন। আপীল কর্তৃপক্ষ আপীল পাওয়ার ১৫(পনের) দিনের মধ্যে অভিযোগ নিস্পত্তি করবেন এবং সেবা প্রদানকারী কর্তৃপক্ষকে লিখিত নির্দেশনা দিবেন। অত্র দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী(প্রশাসন) ও নির্বাহী প্রকৌশলী(প্রশাসন) যথাক্রমে আপীল কর্তৃপক্ষ (আরটিআই) এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা(আরটিআই)হিসাবে দায়িত্ব পালন করবেন। বর্ণিত কর্মকর্তাদের সাথে টেলিফোনে সার্বক্ষনিক যোগাযোগ করা যাবে। তাদের টেলিফোন নম্বর যথাক্রমে ৮১৫২০১০ এবং ৯১৩৯৬২৮।